# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩০৩

১/ বিবিধ

আরবী

كنت نبيا ولا آدم ولا ماء ولا طين

موضوع

ذكر هذا والذي قبله السيوطي في ذيل " الأحاديث الموضوعة " (ص 203) نقلا عن ابن تيمية، وأقره، وقد قال ابن تيمية في رده على البكري (ص 9) : لا أصل له، لا من نقل ولا من عقل، فإن أحدا من المحدثين لم يذكره، ومعناه باطل، فإن آدم عليه السلام لم يكن بين الماء والطين قط، فإن الطين ماء وتراب، وإنما كان بين الروح والجسد، ثم هؤلاء الضلال يتوهمون أن النبي صلى الله عليه وسلم كان حينئذ موجودا، وأن ذاته خلقت قبل الذوات، ويستشهدون على ذلك بأحاديث مفتراة، مثل حديث فيه أنه كان نورا حول العرش، فقال: يا جبريل أنا كنت ذلك النور، ويدعي أحدهم أن النبي صلى الله عليه وسلم كان يحفظ القرآن قبل أن يأتيه به جبريل ويشير بقوله: " وإنما كان بين الروح والجسد " إلى أن هذا هو الصحيح في هذا الحديث ولفظه: " كنت نبيا وآدم بين الروح والجسد " وهو صحيح الإسناد كما بينته في " الصحيحة " (1856) ، وقال الزرقاني في " شرح المواهب " (1 / 33) بعد أن ذكر الحديثين: صرح السيوطي في " الدرر " بأنه لا أصل لهما، والثاني من زيادة العوام، وسبقه إلى ذلك الحافظ ابن تيمية، فأفتى ببطلان اللفظين وأنهما كذب، وأقره في " النور " (كذا ولعله " الذيل ") والسخاوي في " فتاويه " أجاب باعتماد كلام ابن تيمية في وضع اللفظين قائلا: وناهيك به اطلاعا وحفظا، أقر له المخالف والموافق، قال:

وكيف لا يعتمد كلامه في مثل هذا وقد قال فيه الحافظ الذهبي: ما رأيت أشد استحضارا للمتون وعزو ها منه، وكأن السنة بين عينيه وعلى طرف لسانه، بعبارة رشيقة وعين مفتوحة

বাংলা

৩০৩। যখন আদম ছিলেন না, পানি ও মাটি ছিল না তখনও আমি নবী ছিলাম।

হাদীসটি জাল।

এটি এবং পূর্বেরটিকে সুয়ূতী ইবনু তাইমিয়্যার উদ্ধৃতিতে “যায়লুল আহাদীসিল মাওযুআহ” গ্রন্থে (পৃঃ ২০৩) উল্লেখ করেছেন এবং তিনি তার বক্তব্যকে সমর্থন করেছেন। ইবনু তাইমিয়া “বাকরীর প্রতিবাদ” গ্রন্থের মধ্যে (পৃঃ ৯) বলেছেনঃ কুরআন ও হাদীসের মধ্যে এমনকি সুস্থ বিবেকেও এটির কোন ভিত্তি নেই। কোন মুহাদ্দিসই এটিকে উল্লেখ করেননি। এটির অর্থও বাতিল। কারণ আদম (আঃ) কখনও পানি এবং মাটির মাঝে ছিলেন না। কারণ তীন (طين) হচ্ছে পানি ও মাটি। বরং তিনি ছিলেন দেহ এবং রূহের মাঝে ।

পথ ভ্রষ্টরা ধারণা করে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে সময় উপস্থিত ছিলেন এবং তার সত্তা সকল সত্তার পূর্বে সৃষ্টি করা হয়েছিল। তারা মিথ্যা হাদীস দ্বারা তার প্রমাণ উপস্থাপন করে থাকে। যেমন তাদের একটি বানোয়াট হাদীস হচ্ছে তিনি নূর হিসাবে আরশের আশে-পাশে ছিলেন। তিনি বললেনঃ হে জিবরীল! আমি সেই নূর ছিলাম। তাদের কেউ আবার দাবী করে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট জিবরীল আসার পূর্বেই তিনি কুরআন হেফয করেন।

রসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ كنت نبيا وآدم بين الروح والجسد "যখন আদম (আঃ) রূহ ও দেহের মাঝে ছিলেন, তখন আমি নবী ছিলাম।" এ হাদীসটির সনদ সহীহ, যেমনটি আমি সাহীহার মধ্যে (নং ১৮৫৬) বর্ণনা করেছি।

সুয়ূতী স্পষ্টভাবে “আদ-দুরার” গ্রন্থে বলেছেনঃ উপরে আলোচিত দুটি হাদীসের কোন ভিত্তি নেই। ইবনু তাইমিয়া দুটি হাদীসকেই বাতিল বলেছেন। তিনি আরো বলেছেন উভয়টিই মিথ্যা। সুয়ূতী তার "আন-নূর" গ্রন্থেও তা স্বীকার করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন